

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৪৫৭

२৫/ ि किंव्या (کتاب الطب)

পরিচ্ছেদঃ ২৫/৯. সানা ও সান্নৃত (উদ্ভিজ্জ ও ঘি)

بَابِ السَّنَا وَالسَّنُّوت

আরবী

حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ مُحَمَّد بْنِ يُوسُفَ بْنِ سَرْجِ الْفِرْيَابِيُّ، حَدَّثَنَا عِمْرُو بْنُ بَكْرِ السَّكْسَكِيُّ، حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ أَبِي عَبْلَةَ، قَالَ سَمِعْتُ أَبَا أَبِي ابْنَ أُمِّ حَرَامٍ، وَكَانَ، قَدْ صَلَّى مَعَ رَسُولِ اللَّهِ ـ صلى الله عليه رَسُولِ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ الْقِبْلَتَيْنِ يَقُولُ سَمِعْتُ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ يَقُولُ اللَّهِ عَنْ كُلِّ دَاءٍ إِلاَّ السَّامَ . قِيلَ يَا وسلم ـ يَقُولُ النَّهِ وَمَا السَّامُ قَالَ " الْمَوْتُ " . قَالَ عَمْرُو قَالَ ابْنُ أَبِي عَبْلَةَ السَّنُوتُ الشِّبِتُ . وَقَالَ النَّهُ وَمَا السَّامُ قَالَ " الْمَوْتُ " . قَالَ عَمْرُو قَالَ ابْنُ أَبِي عَبْلَةَ السَّنُوتُ الشِّبِتُ . وَقَالَ آخِرُونَ بَلْ هُوَ الْعَسَلُ الَّذِي يَكُونُ فِي زِقَاقِ السَّمْنِ وَهُوَ قَوْلُ الشَّاعِرِ هُمُ السَّمْنُ بِالسَّنُوتِ لاَ أَلْسَ فِيهِمُ وَهُمْ يَمْنَعُونَ جَارَهُمْ أَنْ يُقَرَّدَا

বাংলা

১/৩৪৫৭। উম্মু হারাম (রাঃ) -র পুত্র আবৃ উবাই (রাঃ) থেকে বর্ণিত। তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম -এর সাথে উভয় কিবলার (বাইতুল মুকাদ্দাস ও কাবা) দিকে নামায পড়েছেন। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম -কে বলতে শুনেছিঃ অবশ্যই তোমাদের সানা ও সান্নুত ব্যবহার করা উচিত। কারণ তাতে সাম ছাড়া সব রোগের প্রতিষেধক রয়েছে। জিজ্ঞাসা করা হলো, ইয়া রাসূলাল্লাহ! 'সাম' কী? তিনি বলেনঃ 'মৃত্যু'। রাবী আমর (রাঃ) বলেন, ইবনে আবূ আবলা বলেছেন, সান্নুত হলো এক ধরনের উদ্ভিজ্জ, অন্যরা বলেন, বরং তা ঘী রাখার চামড়ার পাত্রে রক্ষিত মধু। যেমন কবি বলেনঃ 'তারা পরস্পর মিলেমিশে প্রক্যবদ্ধ থাকে ঘি ও সান্নুতের মত, তাই তাদের মধ্যে নাই কোন বিবাদ। তারা প্রতিবেশীকে ধোঁকার আশ্রয় নিতে বারণ করে''।

English

Ibrahim bin Abu 'Ablah said:

"I heard Abu Ubayy bin Umm Haram, who had prayed with the Messenger of



Allah (ﷺ) facing both the Qiblah, saying: 'I heard the Messenger of Allah (ﷺ) say: "You should use senna and the Sannut, for in them there is healing for every disease, except the Sam." It was said: "O Messenger of Allah, what is the Sam?" He said: "Death." (One of the narrators) 'Amr said: "Ibn Abu 'Ablah said: the 'Sannut is dill." Others said: "Rather, it is honey that is kept in a skin (i.e., receptacle) used for ghee."

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। সহীহাহ ১৭৪৯৮। তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী আমর বিন বাকর আস-সাকসাকী সম্পর্কে আবু জা'ফার আল-উকায়লী বলেন, তার হাদিস সংরক্ষিত নয়। এই হাদিস ব্যাতিত অন্য কোথাও তার সম্পর্কে জানা যায় না। আবু হাতিম বিন হিব্বান বলেন, তার হাদিস দ্বারা দলীল গ্রহণযোগ্য নয়। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি মিথ্যা বলার অভিযোগে অভিযুক্ত। যাকারিয়্যা বিন ইয়াহইয়া আস-সাজী বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৪৩৩১, ২১/৫৪৯ নং পৃষ্ঠা)

উক্ত হাদিসটি সহীহ কিন্তু আমর বিন বাকর আস-সাকসাকী এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ৩৭ টি শাহিদ হাদিস রয়েছে, তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ তিরমিযি ২০৮১, আহমাদ ২৬৫৩৯।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন